দৈনিক
ইত্তেফাক

তারিখ 01 JUN 2015
পৃষ্ঠা ৩ কলাম ১

চবির ভিসি প্যানেল নির্বাচনে আইনগত বাধা নেই

রিট আবেদন খারিজ

■ ইত্তেফাক রিপোর্ট

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি প্যানেল নির্বাচনে আইনী বাধা কেটেছে। ভিসি প্যানেল নির্বাচনে সিনেটের বিশেষ সভার উপর দেয়া স্থগিতাদেশ প্রত্যাহার করে নিয়েছে হাইকোর্ট। একই সঙ্গে এ সংক্রান্ত রিট আবেদনটি খারিজ করে দেয়া হয়েছে। বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দের ডিভিশন বেঞ্চ গতকাল রবিবার এই আদেশ দেন। এর আগে বিশ্ববিদ্যালয়ের সমাজতত্ত্ব বিভাগের সহকারী অধ্যাপক আনোয়ার হোসেন চৌধুরীসহ তিন শিক্ষকের করা এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে ভিসি প্যানেল নির্বাচনের জন্য ডাকা সিনেটের বিশেষ সভা স্থগিত করে রুল জারি করেছিলো হাইকোর্ট।

আবেদনে বলা হয়, ভিসি প্যানেল নির্বাচনের জন্য ভোটার তালিকা হালনাগাদ করা হয়নি। সিনেটে ভিসি প্যানেল নির্বাচনে শিক্ষক প্রতিনিধি, রেজিস্টার্ড গ্রাজুয়েট ও ছাত্র প্রতিনিধিদের ভোট দেয়ার বিধান থাকলেও পরের দুই ক্যাটাগরির কোনো প্রতিনিধি নেই। গতকাল ওই রুলের উপর শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিতে বিশ্ববিদ্যালয়ের পক্ষে ব্যারিস্টার কামাল-উল আলম ও রিট আবেদনের পক্ষে আইনজীবী তৌহিদুল ইসলাম শুনানি করেন। শুনানি শেষে হাইকোর্ট রুল খারিজ করে দেয়।